

মেডিকেলের ১৫০৬ আসনের জন্য প্রতিদ্বন্দ্বী ১৯ হাজার

যুগান্তর রিপোর্ট

চলতি বছরে সারাদেশের ১৩টি সরকারি মেডিকেল কলেজের এমবিবিএস ভর্তি পরীক্ষায় ১ হাজার ৫০৬টি সিটের বিপরীতে প্রায় ১৯ হাজার ছাত্রছাত্রী

প্রতিদ্বন্দ্বিতা করবে। ঢাকা ও স্যার সলিমুল্লাহ মেডিকেল কলেজেই ছমা পড়েছে অর্ধেকের বেশি আবেদনপত্র। আগামী ১৭ জানুয়ারি সকাল সাড়ে ৯টায় একই প্রশ্নপত্রে সারাদেশের মেডিকেল কলেজে একযোগে ভর্তি পরীক্ষা অনুষ্ঠিত হবে। বাহ্য অধিদফতর ও বিভিন্ন মেডিকেল কলেজ সূত্রে এ তথ্য জানা গেছে।

ডিসেম্বর মাসের দ্বিতীয় সপ্তাহে ভর্তি পরীক্ষার ফরম বিক্রি শুরু হয়। ফরম বিক্রিতে অতিরিক্ত টাকা আদায়কে কেন্দ্র করে ঢাকা মেডিকেল কলেজে তুলকালান্নম কাণ্ড ঘটে। ৪ জানুয়ারি ফরম বিক্রি শেষ হয়েছে।

জানা গেছে, ঢাকা মেডিকেল কলেজে ৫ হাজার ৭শ', স্যার সলিমুল্লাহ মেডিকলে ৪ হাজার ২শ', চট্টগ্রাম মেডিকলে ১ হাজার ৮শ', ময়মনসিংহে ১ হাজার ২শ', রাজশাহীতে ১ হাজার ৪৫০, সিলেটে ৬শ', রংপুরে ৯৫০ ও বরিশাল মেডিকলে ৩৫০টি আবেদনপত্র জমা পড়েছে। এই ৮টি মেডিকেলের প্রতিটিতে সিটের সংখ্যা ১৫৩টি।

এছাড়া কুলনা মেডিকলে ৯শ', ফরিদপুর মেডিকলে ২৫০, বগড়ায় ৬শ', কুমিল্লায় ৫শ' ও দিনাজপুর মেডিকলে ৩শ' আবেদনপত্র জমা পড়েছে। এই ৫টি মেডিকেল কলেজের প্রতিটিতে ৫২টি করে সিট রয়েছে। জানা গেছে, মোট ১ হাজার ৫০৬টি সিটের মধ্যে ৪০টি মুক্তিযোদ্ধা ও ১৫টি উপভোগীদের জন্য সংরক্ষিত রাখা হয়েছে।